মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৮৮/উ:মা:পরী:/৭৯(অংশ-১) ১১৭৫(৩)  তারিখ : ১৯/০৫/২০২৫ খ্রি.

**বিষয় : ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার প্রবেশপত্র বিতরণ প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার প্রবেশপত্র নিম্নলিখিত সময়সুচি অনুযায়ী উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা হতে বিতরণ করা হবে। ভারপ্রাপ্ত কর্মকর্তা নিজে অথবা তাঁর প্রাধিকার প্রাপ্ত কোন শিক্ষককে (স্বাক্ষর সত্যায়িতসহ) কেন্দ্রের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশপত্র অফিস সময় চলাকালীন সময়ে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। কোন অবস্থাতেই শিক্ষক ব্যতীত অন্য ব্যক্তিকে প্রবেশপত্র গ্রহণ করার ক্ষমতা প্রদান করা যাবে না। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হলে, আবেদন পত্রে গভর্নিং বডির সভাপতি/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর থাকতে হবে। তিনি তাঁর কেন্দ্রাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রবেশপত্র দ্রুত সময়ের মধ্যে বিতরণ করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রবেশপত্র যাচাইপূর্বক কোন প্রকার ত্রুটি/কম/বেশি হলে সংশোধন করিয়ে নেয়ার জন্য অবশ্যই ১৫/০৬/২০২৫ হতে ২২/০৬/২০২৫ তারিখের মধ্যে উপ পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক)-এর নিকট নিম্নের ছক অনুযায়ী আবেদনপত্র জমা দিয়ে সংশোধন করিয়ে নিতে হবে। অন্যথায় পরীক্ষায় কোন প্রকার জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণই দায়ী থাকবেন।

| ক্রমিক নং | জেলা নাম | তারিখ ও সময় |
|---|---|---|
| ০১ | টাংগাইল, নরসিংদী, ফরিদপুর, রাজবাড়ী, শরীয়তপুর,মাদারীপুর, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ ও মানিকগঞ্জ জেলা। | ০১-০৬-২০২৫, রবিবার সকাল ১০.৩০ মি. |
| ০২ | ঢাকা মহানগর, ঢাকা জেলা, গাজীপুর, মুন্সিগঞ্জ নারায়ণগঞ্জ জেলা। | ০২-০৬-২০২৫, সোমবার সকাল ১০.৩০ মি. |

প্রবেশপত্র সংশোধনের ছক:

| ক্রমিক নম্বর | পরীক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম | রোল নম্বর | রেজি: নম্বর | ভুলের বিবরণ | যা হবে |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**বিষয়টি অতীব জরুরি।**

১৯/০৫/২০২৫

প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

১৯/০৫/২৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন ২০২৫ সালের এইচএসসি পরীক্ষার সকল কেন্দ্র।

কার্যার্থে:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অফিস কপি।